The Bangladesh Monitor - A Premier Travel Publication

# সারা দেশে ই-রিটার্ন হেল্প-ডেস্ক চালু

- A Monitor Desk Report

Date: 11 October, 2025




**ঢাকাঃ দেশের সব কর অঞ্চলে করদাতাদের অনলাইন রিটার্ন দাখিল সংক্রান্ত সহায়তা দিতে ই-রিটার্ন হেল্প-ডেস্ক চালু করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।**

বৃহস্পতিবার (৯ অক্টোবর) এক বিবৃতিতে এসব তথ্য জানায় এনবিআরের জনসংযোগ কর্মকর্তা মো. আল আমিন শেখ।

বিবৃতিতে বলা হয়, গত ৪ আগস্ট অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ ২০২৫-২৬ কর বছরের জন্য অনলাইনে ই-রিটার্ন দাখিল কার্যক্রমের উদ্বোধন করেন। করদাতারা এখন সহজেই (www.etaxnbr.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আয়কর রিটার্ন পূরণ ও দাখিল করতে পারছেন।

এনবিআরের তথ্য অনুযায়ী, এ পর্যন্ত প্রায় ২৯ লাখ ২০ হাজার করদাতা ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধন সম্পন্ন করেছেন এবং ৬ লাখ ৩৫ হাজার করদাতা অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করেছেন। কেউ ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধন সংক্রান্ত সমস্যার কারণে অনলাইনে রিটার্ন দাখিল করতে না পারলে আগামী ৩১ অক্টোবরের মধ্যে সংশ্লিষ্ট উপকর কমিশনারের নিকট যৌক্তিক কারণসহ আবেদন করলে, অতিরিক্ত বা যুগ্ম কর কমিশনারের অনুমোদনক্রমে পেপার রিটার্ন দাখিলের সুযোগ পাবেন।

করদাতাদের ই-রিটার্ন প্রক্রিয়া সহজবোধ্য করার লক্ষ্যে এনবিআর এ বছরও অনলাইন প্রশিক্ষণের আয়োজন করেছে। এনবিআর আরও বলছে, আগ্রহীরা নিচের লিংকের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে পারবেন- (https://nbr.gov.bd/form/e-return-training/eng)।

প্রশিক্ষণের সময়সূচি ই-মেইলের মাধ্যমে জানানো হবে বলে এনবিআর জানিয়েছে। এ পর্যন্ত প্রায় ১৫ হাজার করদাতা এ প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। এছাড়া ই-রিটার্ন সংক্রান্ত যেকোনো সমস্যায় তাৎক্ষণিক সহায়তার জন্য এনবিআর কল সেন্টার (০৯৬৪৩ ৭১ ৭১ ৭১) চালু করেছে, যেখানে ফোন করে করদাতারা সরাসরি পরামর্শ ও সমাধান পাচ্ছেন।

একই সঙ্গে (www.etaxnbr.gov.bd) ওয়েবসাইটের ই-ট্যাক্স সার্ভিস অপশনে লিখিতভাবে অভিযোগ জানিয়ে সমাধান পাওয়াও সম্ভব। ই-রিটার্ন সেবা আরও সহজলভ্য করতে এনবিআর জানায়, সারা দেশের সব কর অঞ্চলে ই-রিটার্ন হেল্প-ডেস্ক স্থাপন করা হয়েছে। করদাতারা নিজ নিজ কর অঞ্চলে সরাসরি গিয়ে বা সংশ্লিষ্ট ফোন নম্বরে যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা নিতে পারবেন।

-B